



সংবাদপত্রের নাম: : দৈনিক দিনের পালা
প্রকাশনার স্থান : : ময়মনসিংহ
তারিখ : : ১০.০৫.২০২৩

সংবাদ : :
সম্পাদকীয় : :
প্রবন্ধ/চিত্রপত্র : :

দুর্গাপুরে বিষপানে দুই সন্তানের জননীর মৃত্যু

দুর্গাপুর সংবাদদাতা : নেত্রকোনার দুর্গাপুরে পারিবারিক কলহের জেরে রাবিয়া আক্তার(২৪) নামে দুই সন্তানের জননী বিষপানের একদিন পর মৃত্যু হয়েছে। ৭ মে রোববার সন্ধ্যায় ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে যাওয়ার পথে তার মৃত্যু হয়। এর আগে ৬ মে শনিবার সকালে স্বামীর বাসগৃহে বিষপানের ঘটনা ঘটে। সে উপজেলার বাকলজোড়া ইউনিয়নের ছোট কাটুরী গ্রামের জসিম মিয়া'র স্ত্রী ও পৌর শহরের ৫নং ওয়াড়ের চকলেঙুরা এলাকার মোহাম্মদ আলী মধুর মেয়ে। রাবিয়া'র ঘরে এক ছেলে ও এক মেয়ে সন্তান রয়েছে। মৃতের পরিবার ও পুলিশ সূত্রে জানা গেছে, (শেষ পাতায়)

দুর্গাপুরে বিষপানে দুই

(১ম পাতার পর) পারিবারিক কলহের জেরধরে শনিবার সকালে স্বামীর বাসগৃহে বিষপান করে মায়ের কাছে ফোন দিয়ে লাশ নেওয়ার কথা জানায় রাবিয়া আক্তার। তৎক্ষণিক বাবুমা গিয়ে সেখান থেকে তাকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এনে ভর্তি করেন। হাসপাতালে চিকিৎসাধীন রাবিয়া'র অবস্থার অবনতি হলে রোববার সন্ধ্যায় ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করেন চিকিৎসক। যাওয়ার পথে মৃত্যু হয় তার। পরে মৃতের লাশ বাবার বাড়িতে নিয়ে আসা হয়। পরবর্তীতে রাত এগারোটার দিকে জনপ্রতিনিধি ও স্থানীয়দের উপস্থিতিতে ময়নাতদন্ত ছাড়াই মৃতের লাশ দাফনের অনুমতি দেয় পুলিশ। দুর্গাপুর থানার উপপরিদর্শক (এসআই) আবু রায়হান জানান, পারিবারিক কলহের জেরধরেই বিষপান করে রাবিয়া। তার বাবা মায়ের অভিযোগ না থাকায় ময়নাতদন্ত ছাড়াই লাশ দাফনের অনুমতি দেওয়া হয়েছে।